

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
E-mail: nimhr@hospi.dghs.gov.bd

স্মারকনং এনআইএমএইচ/ ভর্তি বিজ্ঞপ্তি/২০২৪-২০২৫/ ২২৫৬

তারিখ : ১৬/০৫/২৪

এক বছর মেয়াদি “Diploma in Psychiatric Nursing” কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

২০২৪ - ২৫ খ্রিঃ শিক্ষাবর্ষে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকায় ২০ (বিশ) টি আসনে এক বছর মেয়াদি “Diploma in Psychiatric Nursing” কোর্সে শিক্ষার্থী ভর্তির জন্য নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। শর্তাবলীঃ

- ১.১. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ১.২. বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল কর্তৃক স্বীকৃত ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারী / ডিপ্লোমা ইন মিডওয়াইফারী/ বিএসসি ইন নার্সিং পাশ। বয়স : অনূর্ধ্ব ৪৫ বছর।
- ১.৩. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ১.৪. প্রার্থীদের ন্যূনতম নার্সিং ও মিডওয়াইফারী পেশায় দুই বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।
- ১.৫. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা ও ভর্তিকৃত শিক্ষার্থীগণ প্রশিক্ষণ ভাতা পাবেন না।
- ১.৬. ভর্তিকৃত শিক্ষার্থীগণ নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করবেন।
- ১.৭. নির্ধারিত ছক অনুযায়ী প্রার্থীকে আবেদন করতে হবে।

২। আবেদনের সাথে সংযুক্ত কাগজ পত্রাদি (সত্যায়িত)ঃ

সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, বিএনএমসি কর্তৃক হালনাগাদ নিবন্ধন সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতার প্রত্যয়নপত্র এবং যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচ শত) টাকার ট্রেজারি চালানের (কোড নং : ১-২৭১১-০০০০-২০৩১) মূল কপি সহ পরিচালক ও অধ্যাপক, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে (সরাসরি/ ডাকযোগে) নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদন জমা দিতে হবে।

৩। আবেদন ও ভর্তি পরীক্ষার সূচিঃ

আবেদন শুরুর তারিখ	১৪/০৫/২০২৪ খ্রিঃ, সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত
আবেদনের শেষ তারিখ	৩০/০৫/২০২৪ খ্রিঃ, সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত
যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	০২/০৬/২০২৪ খ্রিঃ, যোগ্য প্রার্থীদের নামের তালিকা www.nimh.gov.bd লিংকে পাওয়া যাবে
ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও স্থান	০৮/০৬/২০২৪ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা

বিশেষ দৃষ্টব্যঃ নমুনা আবেদনটি www.nimh.gov.bd লিংকে পাওয়া যাবে। শুধুমাত্র যোগ্য প্রার্থীগণ ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন। যোগ্য প্রার্থীগণের তালিকা জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালের ওয়েব সাইটে পাওয়া যাবে। আবেদন প্রাপ্তির স্বীকার পত্র যোগ্য প্রার্থীগণের ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র হিসেবে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ ভর্তি বিজ্ঞপ্তি আংশিক / সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ ভর্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



(অধ্যাপক ডা. অত্র দাশ ভৌমিক)

পরিচালক ও অধ্যাপক

জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল

শেরে বাংলা নগর, ঢাকা।

ফোন: ০২২২৩৩৭৪৪০৮